গাংনীর ধলা পুলিশ ক্যাম্পের অভিযানে ৪ গ্রাম হেরোইনসহ আটক ১

গাংনীর গাড়াবাড়ীয়াতে ধলা পুলিশ ক্যাম্পের অভিযানে ৪ গ্রাম হেরোইনসহ মাদক ব্যবসায়ী মোঃ বাশিরুল ইসলাম (২৮) আটক। শনিবার (২সেপ্টম্বর) সকালে গাড়াবাড়ীয়া হলদে পাড়াতে ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) তৈৗহিদুল ইসলামের নেতৃত্বে,এ এস আই কালাম হোসেন ও এ এস আই সামসুর রহমান অভিযান চালিয়ে তাকে আটক করে।

আটককৃত হলেন, গাড়াবাড়ীয়া গ্রামের মৃত নবী ছদ্দিননের ছেলে মোঃ বাশিরুল ইসলাম (২৮) সে চিহ্নিত মাদক ব্যবসায়ী বলে জানিয়েছে পুলিশ।

পুলিশ জানায়, গাড়াবাড়ীয়া হলদেপাড়া এলাকায় বাশিরুল প্রকাশ্যে হেরোইন বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয়। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টাকালে তাকে আটক করে, দেহ তল্লাশি করে ৪ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) তৈৗহিদুল ইসলাম জানান, মাদক বিক্রির সময় হাতে নাতে তাকে আটক করা হয়েছে। দুপুরে তাদের বিরুদ্ধে গাংনী থানাতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর জেলা বিএনপি’র র্যালী ও সমাবেশ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করতে সংক্ষিপ্ত আলোচনা সভা ও বর্ণাঢ র্যালী করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ শনিবার (২ সেপ্টেম্বর)সকাল সাড়ে ১০টায় শহরের কলেজ মোড় এলাকায় বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সংক্ষিপ্ত একটি সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুণ বলেন, ‘নিরপেক্ষ তত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন দিতে হবে, আর তার আগে এই অবৈধ পার্লামেন্ট ভেঙে দিতে হবে। তারপর বিএনপি বিবেচনা করে দেখবে নির্বাচনে যাবে কি যাবে না।’ তিনি আরো বলেন, ‘আমাদের আন্দোলনকে দমানো যাবে না। গুম-খুন -ভয় দেখিয়ে কোন লাভ নেই। মামলা, হামলার অনেক শিকার হয়েছি আর না। জনগণ যখন রাস্তায় নেমেছে এ সরকারের পতন ঘটিয়েই আমরা ঘরে ফিরব।’

সংক্ষিপ্ত সমাবেশ শেষে জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের নেতৃত্বে একটি বিশাল র্যালী বের হয়।

র্যালীটিতে আনুমানিক ৫ সহস্রাধিক নেতা কর্মী অংশগ্রহণ করে। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে সহিউদ্দিন ডিগ্রি কলেজের সামনে যেয়ে শেষ হয়। মেহেরপুর জেলা বিএনপি ও তার সকল অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা এই র্যালীটিতে অংশ নেয়।

নোটিশ প্রদানকারী দেবাশিষের বাড়ি ও অফিসে পুলিশের তল্লাশি

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক ও ঠিকাদার শহীদ সরফরাজ হোসেন মৃদুলের দেওয়া ১ কোটি ৮০ লক্ষ টাকার চেক ডিজঅনার হওয়াতে ভুক্তভগী যৌথ ব্যবসায়ী দেবাশীষ কুমার বাগচী উকিল নোটিশ পাঠান। পরবর্তীতে শহীদ সরফরাজ হোসেন মৃদুল অতিরিক্ত জেলা ম্যজিস্ট্রেট আদালতে একটি পিটিশন মামলা দায়ের করেন (মামলা নং ৪৯২/২৩ তারিখ ৩০-০৮-২০২৩)। আদালতের সার্চ ওয়ারেন্ট নিয়ে পুলিশ দেবাশীষ কুমার বাগচীর বাড়ি ও অফিসে তল্লাশি চালায়।

গতকাল শুক্রবার দুপুর ১২ টা ১০ মিনিট থেকে দুপুর ১ টা ২৫ মিনিট পর্যন্ত পুলিশের একটি দল মেহেরপুর পৌর এলাকার জেলা ফায়ার

চেক হারিয়েছে মর্মে থানায় একটি জিডি করেন এবং উল্লেখিত ব্যাংককে অবগত করেন।

পরবর্তীতে দেবাশীষ কুমার বাগচীকে রূপালী ব্যাংক লিঃ, মেহেরপুর কর্পোরেট শাখা গত ১লা আগস্ট ২০২৩ তারিখে চেক রিটার্ন মেমো বা চেক ডিজনার সার্টিফিকেট দেয়।

অতঃপর বিষয়টি দেবাশীষ কুমার বাগচী শহিদ সরফরাজ হোসেন মৃদুলকে জানানোর পর তিনি দুঃখ প্রকাশ করলেও টাকা পরিশোধের বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করেননি। এতে দেবাশীষ কুমার বাগচীর দৃঢ় বিশ্বাস জন্মে যে, শহীদ সরফরাজ হোসেন মৃদুল তাকে ঠকাবার উদ্দেশ্যে উক্ত ব্যাংক হিসাবটি বন্ধ জানা সত্ত্বেও বন্ধ একাউন্টের চেক প্রদান করেন। দেবাশীষ মনে করেন চেক প্রদানের পরপরই থানায় মিথ্যা জিডি করে দেবাশীষের পাওনা টাকা আত্মসাৎ করার পরিকল্পনায় লিপ্ত হয়েছেন । অতঃপর গত ৩০ আগস্ট ২০২৩ দেবাশীষ কুমার বাগচী নেগশিয়েবল ইন্সট্রুমেন্ট এক্ট ১৮৮১ এর ১৩৮ ধারার বিধান মোতাবেক শহীদ সরফরাজ হোসেন মৃদুলকে টাকা পরিশোধ করতে রেজিস্ট্রী ডাকযোগে একটি উকিল নোটিশ প্রেরণ করেন।একই দিনে (৩০ আগস্ট ২০২৩) শহীদ সরফরাজ হোসেন মৃদুল মেহেরপুর অতিরিক্ত জেলা ম্যজিস্ট্রেট আদালতে চেক হারিয়ে যাওয়ার জিডির সুত্র ধরে একটি পিটিশন মামলা দায়ের করেন। যার মামলা নং ৪৯২/২৩, তারিখ ৩০-০৮-২০২৩। আদালত মামলাটি আমলে নিয়ে চেকটি উদ্ধার করতে সার্চ ওয়ারেন্ট ইশ্যু করলে,মেহেরপুর সদর থানা পুলিশের এস আই মোমিনের নেতৃত্বে পুলিশের একটি দল গতকাল শুক্রবার দুপুরে দেবাশীষ কুমার বাগচীর বাড়ি ও অফিসে তল্লাশি চালায়।

দেবাশীষ কুমার বাগচীর স্ত্রী ও একাধিক সাক্ষির উপস্থিতিতে পুলিশের ঘন্টাব্যাপী সময়ের এই তল্লাশি অভিজানে উল্লেখিত চেকটি পাওয়া যায়নি। তবে তল্লাশি অভিযান পরিচালনা কালে দেবাশীষ কুমার বাগচীর সত্ত্বাধিকারী ব্যবসা প্রতিষ্ঠান মেসার্স মেহেরপুর ট্রেডিং এর প্যাডে দেবাশীষের নিজ হাতে লিখিত ৩০ জুলাই স্বাক্ষরিত ও সীলমোহর যুক্ত একটি চিরকুট দেবাশীষের বেড রুমের আলমারিতে সাঁটানো অবস্থায় দেখতে পাওয়া যায়। যেখানে লেখা আছে, ‘আমার মৃত্যুর জন্য মৃদুল ভাই দায়ী। আমার ১,৮০,০০০০০ (এক কোটি আশি লক্ষ টাকা) দিলো না। আমার চেক অগ্রনী ব্যাংকে আমার একাউন্টে জমা আছে।‘

এই ব্যপারে শহীদ সরফরাজ হোসেন মৃদুলের সাথে ফোনে একাধিকবার

যোগাযোগ করার চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি।

এডভোকেট খ ম ইমতিয়াজ হারুন বিন জুয়েল দেবাশীষ কুমার বাগচীর উকিল নোটিশ প্রদানের সত্যতা মেহেরপুর প্রতিদিনকে নিশ্চিত করেছেন।

মেহেরপুরে বিএনপির একাংশের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিক উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির এক অংশের উদ্যোগে আনন্দ র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

আজ শুক্রবার বিকালে মেহেরপুর বড়বাজার জেলা বিএনপির কার্যালয়ে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা যুবদলের যুগ্ন সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম দুলালের সঞ্চালনায় মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খাঁন ছাতু, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সহ-সংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা যুবদলের সহ-সাধারণ সম্পাদক শেখ হুজাইফা ডিক্লেয়ার, জেলা যুবদলের সদস্য এবং জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহমুদ সানি সহ জেলা ও উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন নেতা কর্মীবৃন্দ।

গাংনীতে জাভেদ মিল্টনের উদ্যোগে বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাবেদ মাসুদ মিলনের উদ্যোগে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৪৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

দিবসটি উৎসাহ উদ্দিপনার মধ্যমে পালন উপলক্ষে গাংনীতে উপজেলা বিএনপির আয়োজনে আলোচনা সভা ও আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

শোভাযাত্রার নেতৃত্বদেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাবেদ মাসুদ মিল্টন। শুক্রবার বিকেলে একটি আনন্দ শোভাযাত্রা গাংনী বাজার স্ট্যান্ড চত্বর থেকে বের হয়ে গাংনী পৌর শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন,পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা,জেলা বিএনপির যুগ্ন সাধারন সম্পাদক আব্দুল আউয়াল সহ ছাত্রদল ও যুবদল,স্বেচ্ছাসেবক দল নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে মোটরসাইকেলের ধাক্কায় রাজমিস্ত্রী নিহত

গাংনী উপজেলার ছাতিয়ান- হাটবোয়ালিয়া রাস্তায় মোটরসাইকেলের ধাক্কায় আব্দুর রহিম (৩০) নামের এক রাজমিস্ত্রী নিহত হয়েছেন।

নিহত আব্দুর রহিম ছাতিয়ান গ্রামের হাওড়াপাড়ার খবির উদ্দিন আমিনের ছেলে। আজ শুক্রবার (১ সেপ্টেম্বর) দুপুরের দিকে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, একটি মক্তবে কাজ করছিলেন রহিম। হঠাৎ রাস্তা পার হতে গিয়ে একটি দ্রুতগতির মোটরসাইকেলের ধাক্কা লাগে। এতে সে মারাত্মক আহত হন। তাকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার সময় পথের মধ্যে মারা যায়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

গাংনীতে জনসচেতনতা বৃদ্ধিতে নারী সমাবেশ অনুষ্ঠিত

গাংনীতে উন্নত রাষ্ট্র ও জাতি গঠনে সমাজের প্রান্তিক পর্যায়ে মাদক, সন্ত্রাস, জঙ্গীবাদ, সাম্প্রদায়িকতা, গুজব ও অপপ্রচার এবং বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় গাংনীর জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের মুক্ত মঞ্চে দিনব্যাপি নারী সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহযোগীতায় মেহেরপুর জেলা তথ্য অফিস এই নারী সমাবেশের আয়োজন করে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি সাজিয়া সিদ্দিকা সেতু’র সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা প্রশাসক শামীম হাসান।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তানভীর হাসান, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্বাস

উদ্দীন, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

সমাবেশে শিক্ষার্থীদের সঞ্চালনায় শুভেচ্ছা বক্তব্য রাখেন, জোড়ুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জোড়পুকুরিয়া গ্রামের কৃতিসন্তান সোনালী ব্যাংকের কর্মকর্তা হাশেম উদ্দীন, সাহারবাটি ইউপি সদস্য সাহাবুউদ্দীন সহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ।

একইসাথে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ,অভিভাবক বৃন্দ ও শিক্ষার্থীবৃন্দ। অনুষ্ঠানের ২য় পর্বে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সমাবেশের শুরুতেই প্রধান অতিথি জেলা প্রশাসক শামীম হাসান বিদ্যালয়ের শিক্ষার্থীদের খেলাধুলা সহ বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন এবং সন্তোষ প্রকাশ করেন।

গাংনীত আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

গাংনীতে ১৫ ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবসহ নিহত সকল শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩১ আগস্ট) দুপুরে গাংনী উপজেলা অডিটোরিয়ামে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জেলা আওয়ামী লীগের উপদেষ্টা মণ্ডলীর সদস্য একরামুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

এ সময় আরো উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি রেজাউল হক মাস্টার, উপ দপ্তর সম্পাদক মিজানুর রহমান হিরন, মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলাম সোবান, গাংনী উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক তৌহিদুল ইসলাম তৌহিদ, সদস্য সচিব জীবন আকবর গাংনী পৌর স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক রুবেল হোসেন, সদস্য সচিব আশিকুজ্জামান পিন্টু, উপজেলা কৃষকলীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহামুদ হাসিব, গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, গাংনী সরকারি ডিগ্রী কলেজ ছাত্রলীগের সভাপতি শাহীন রেজা।

মেহেরপুরে ইসলাম প্রসারে ও প্রচার নিয়ে আলোচনা সভা

১৫ আগস্ট স্মরনে মাসব্যাপী কর্মসূচির শেষ দিনে ইসলাম প্রসারে ও প্রচারে বঙ্গবন্ধু ও তার কণ্যা শেখ হাসিনার অবদান নিয়ে ইমাম ও মাদ্রাসা ছাত্রদের নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার সময় পৌর কমিউনিটি সেন্টারের হলরুমে মেহেরপুর জেলা যুবলীগের আয়োজনে এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পৌর মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন এবং প্রধান অতিথি ছিলেন জেলা হাজী সমিতির সভাপতি আলহাজ্ব গোলাম রসুল।

বিশেষ অতিথি ছিলেন জেলা হাজী সমিতির সাধারণ সম্পাদক সোহরাব হোসেন, সদর উপজেলা ইমাম সমিতির সভাপতি রোকনুজ্জামান, পৌর ইমাম সমিতির সভাপতি সিরাজুল ইসলাম, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান ও বিএমএ’র সভাপতি ডাক্তার আবু তাহের। বিভিন্ন মাদ্রাসার শিক্ষার্থীরা এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জ্বরসহ ঠাণ্ডাজনিত রোগের প্রকোপ

মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতাল, গাংনী ও মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রতিদিনই জ্বর-সর্দি, কাশি, নিউমোনিয়া, ডায়রিয়াসহ বিভিন্ন রোগে আক্রান্ত রোগী ভর্তির সংখ্যা বেড়েই চলেছে। ধারণ ক্ষমতার চেয়ে রোগী বেশি হওয়ায় অনেকের জায়গা হয়েছে হাসপাতালের বেডসহ প্রবেশ পথে, মেঝেতে এমনকি সিঁড়ির ওপরে।

মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক ডা. জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার বলেন, চলতি আগস্ট মাসের ১ থেকে ২৯ তারিখ পর্যন্ত সর্দি কাশি জ¦র নিয়ে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ৯০৩ জন রোগী ভর্তি হয়েছেন। এদের মধ্যে পুরুষ ২৫৬ জন, নারী ২৮৫ ও শিশু রোগীর সংখ্যা ৩৬২ জন।

এছাড়া গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও জেলার বিভিন্ন বেসরকারি ক্লিনিকে ১ হাজারের বেশি নারী ও শিশু রোগী চিকিৎসা নিচ্ছে বলে জানা গেছে।

চিকিৎসকেরা বলছেন, আবহাওয়া পরিবর্তন হওয়ায় বৃদ্ধ নারী ও শিশুরা সর্দি-কাশি ও জ্বরে আক্রান্ত হচ্ছেন। মেহেরপুর জেনারেল হাসপাতালসহ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে এক সপ্তাহ ব্যবধানে দ্বিগুনের বেশি বেড়েছে শিশু রোগীর সংখ্যা।

অভিভাবকেরা বলছেন, জ¦র-সর্দি কাসিতে আক্রান্ত শিশুদের স্থানীয়ভাবে চিকিৎসা দেয়ার পর, হাসপাতালে ভর্তি করেও কোনো লাভ হচ্ছে না। আবার হাসপাতালে এসে জায়গা পাওয়াটাও কঠিন যাচ্ছে। তাই মেঝেতে কিংবা সিঁড়ির ওপরে যেখানে জায়গা হচ্ছে সেখানে থেকেই ভালো চিকিৎসা পাবার আসায় ভর্তি হয়ে চিকিৎসা নিচ্ছেন।

গতকাল বুধবার বেলা ১২টা থেকে ১টা পর্যন্ত শিশু ও মেডিসিন ওয়ার্ড ঘুরে দেখা যায়, শয্যার থেকে বেশি রোগী থাকায় বেশ কয়েকজনকে রাখা হয়েছে ডায়রিয়া ওয়ার্ডের প্রবেশ পথের মেঝেতে, কেউবা সিঁড়ির ওপরে, বাথরুমের প্রবেশ পথে।

মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসা নিতে আসা সদর উপজেলার ঝাঁঝাঁ গ্রামের ফাকের আলী, নওদাপাড়া গ্রামের জরিনা

খাতুন, বুড়িপোতা গ্রামের সুন্দরী খাতুনসহ প্রায় শতাধিক রোগীকে হাসপাতালের সিঁড়ির নিচে ও ডেঙ্গু ওয়ার্ডের পথে শুয়ে রয়েছেন। সুন্দরী খাতুন বলেন, ‘আমার মেয়ে ভালই ছিল হঠাৎ করে প্রচন্ড জ¦র ও মাথা ব্যাথা হলো। তারপরে এই হাসপাতালে ভর্তি করেছি। বেড না পেয়ে মেঝেতে শুয়ে চিকিৎসা নিচ্ছি। আমাদের মত কয়েক শ রোগী এভাবেই চিকিৎসা নিচ্ছেন।’

চিকিৎসা নিতে আসা ১ বছর বয়সী শিশু হাদিছা খাতুনের মা রহিমা খাতুন বলেন, ‘আমার মেয়ের ঠান্ডা লাগা এক সপ্তাহের বেশি হয়ে গেল। গ্রামের ডাক্তারের কাছে চিকিৎসা করেছি, তবে কোনো পরিবর্তন হচ্ছে না। আমি গতকাল হাসপাতালে এসে ভর্তি হয়েছি। এখানকার ডাক্তাররা বলছে কয়েকদিন থাকতে হবে।’

মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া গ্রামের মকছেদ আলী জানালেন, ‘আমার ছেলে আজ দুদিন ধরে জ¦র সর্দি কাসিতে ভুগছে। আজ হাসপাতালে ভর্তি হয়েছে। বেড না পেয়ে ফ্লোরেই সুয়ে চিকিৎসা নিচ্ছি। কষ্ট হলেও ভালো চিকিৎসা সেবা পাওয়ার আসায় এখানে ভর্তি হয়েছি।’

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আর এম ও ডা. আব্দুল্লাহ আল মারুফ জানান, আবহাওয়ার কারণে বাচ্চাদের গরম কাপড় পরালে অনেক সময় ঘেমে গিয়ে ঘাম শরীরেই শুকিয়ে যাচ্ছে। আবার রাতের বেলায় ফ্যান চালিয়ে রাখলে এক সময় ঠাণ্ডা হয়ে যাচ্ছে। এতে শিশুরা বেশি ঠাণ্ডাজনিত রোগে আক্রান্ত হচ্ছে। সেই ক্ষেত্রে আমাদের পরামর্শ বাচ্চাদের অভিভাবক মায়েদের একটু বেশি সর্তক হতে হবে।

মেহেরপুর জেনারেল হাসপাতালের আর এমও ডা. মোখলেচুর রহমান জানান, বতর্মানে মেহেরপুর জেনারেল হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডে যারা ভর্তি আছেন তাদের সেবার কোনো কমতি হচ্ছেনা। এখানে সিটে সাংকুলান না হওয়ায় মেঝেতে বা সিঁড়ির নিচে রাখতে বাধ্য হচ্ছি। আমাদের বেডের তুলনায় বেশি রোগী ভর্তি আছে। তবে, ওষধের কোনো কমতি নেই, পাশাপাশি ডাক্তার থেকে নার্স সকলেই সেবা প্রত্যাশীদের প্রতি আন্তরিক।